

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

স্মারক নং-৪৬.০৪২.০১৪.০৬.০১.০০৬.২০১৪- ৪৭৪২

তারিখঃ ৩০/১২/২০১৫।

বিষয়ঃ নরসিংদী জেলার সদর উপজেলাধীন নজরপুর ইউনিয়নে নোয়াব আলী গাজী উচ্চ বিদ্যালয়ের ভবন নির্মাণ।


- সূত্র : ১) নরসিংদী জেলা পরিষদের স্মারক নং-জেপ-নর/প্রকৌঃ ৫/-২০১৪/৪৩৯, তারিখঃ ২৩/০৬/২০১৫ খ্রিঃ।
২) এলজিইডির স্মারক নং-এলজিইডি/সিই/ডিঃইউ/ডি-১৮৫/২০১২/১৩২৭, তাং-৫/১১/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৪-২০১৫ অর্থ বছরের রাজস্ব তহবিলের আওতায় ১,০২,৭৮,০৭৬/- (এক কোটি দুই লক্ষ আটাত্তর হাজার ছিয়াত্তর) টাকায় গৃহীত নরসিংদী জেলার সদর উপজেলাধীন নজরপুর ইউনিয়নে নোয়াব আলী গাজী উচ্চ বিদ্যালয়ের ভবন নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে এলজিইডি কর্তৃক সংশোধিত ১,০৯,৩১,৩৬৮/- (এক কোটি নয় লক্ষ একত্রিশ হাজার তিনশত আটষট্টি) টাকার প্রাক্কলনটি নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

- ১) তৈয়্যততা পরিহারের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বর্ণিত প্রকল্পের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ণ গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ;
- ২) বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ রেখে প্রকল্পের বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ;
- ৩) পিপিআর-২০০৮ এর এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণপূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ।

সংযুক্তিঃ বর্ণনামতে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নরসিংদী।


(জুবাইদা মাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgsd.gov.bd

অনুলিপিঃ (জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, নরসিংদী।
কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।